

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার  
পরিকল্পনা মন্ত্রণালয়  
বাস্তবায়ন পরিবীক্ষণ ও মূল্যায়ন বিভাগ  
শিল্প ও শক্তি সেক্টর  
শের-ই- বাংলা নগর, ঢাকা।  
[www.imed.gov.bd](http://www.imed.gov.bd)

**নিবিড় পরিবীক্ষণের জন্য নির্বাচিত প্রকল্পের বিবরণী ও পরামর্শকের কার্যপরিধি (ToR):**

**ক. প্রকল্পের বিবরণীঃ**

১. প্রকল্পের নাম : উপজেলা পর্যায়ে অপটিক্যাল ফাইবার কেবল নেটওয়ার্ক উন্নয়ন (সংশোধিত)
২. উদ্যোগী মন্ত্রণালয়/বিভাগ : ডাক ও টেলিযোগাযোগ বিভাগ
৩. বাস্তবায়নকারী সংস্থা : বাংলাদেশ টেলিকমিউনিকেশন্স কোম্পানী লিমিটেড (বিটিসিএল)
৪. প্রকল্পের অবস্থান : সমগ্র বাংলাদেশ (৭টি বিভাগের ৬৪টি জেলার ৩৩৯টি উপজেলা)
৫. অনুমোদিত বাস্তবায়নকাল ও ব্যয় (লক্ষ টাকা) :

অনুমোদনের পর্যায়	মেয়াদ	অনুমোদিত ব্যয়	হ্রাস/বৃদ্ধি (%)	
			মূল ডিপিপি তুলনায়	সর্বশেষ অনুমোদনের তুলনায়
মূল অনুমোদিত	জুলাই ২০১৩ হতে জুন ২০১৬	৪৯৯২৮.১৪	-	
১ম সংশোধন	জুলাই ২০১৩ হতে জুন ২০১৭	৫৯০৬১.৭৫	১৮.২৯%	

৬. জুন ২০১৬ পর্যন্ত আর্থিক অগ্রগতি: ৩২৮৯৪.১৮ লক্ষ টাকা (৫৫.৬৯৫%)।

৭. প্রকল্পের পটভূমি ও উদ্দেশ্য :

৭.১. প্রকল্পের পটভূমি :

ভিশন-২০২১ এর লক্ষ্যকে সামনে রেখে সরকার ডিজিটাল বাংলাদেশ গড়ার লক্ষ্যে সমগ্র দেশব্যাপী আধুনিক শক্তিশালী এবং উচ্চক্ষমতাসম্পন্ন তথ্য প্রযুক্তিগত অবকাঠামো স্থাপনের উদ্যোগ গ্রহণ করে। এর অংশ হিসেবে ডাক ও টেলিযোগাযোগ বিভাগ বাংলাদেশের সকল উপজেলা এবং ইউনিয়ন পরিষদগুলোকে অপটিক্যাল ফাইবার ক্যাবল নেটওয়ার্কের আওতায় আনয়নের জন্য প্রাথমিক পর্যায়ে দেশের ১০০৬টি ইউনিয়ন নে অপটিক্যাল ফাইবার ক্যাবল নেটওয়ার্ক স্থাপনে র লক্ষ্যে “১০০০টি ইউনিয়ন পরিষদে অপটিক্যাল ফাইবার ক্যাবল নেটওয়ার্ক উন্নয়ন” শীর্ষক একটি প্রকল্প গ্রহণ করে। দেশে জেলা সদরের সাথে ২৯০টি উপজেলার অপটিক্যাল ফাইবার সংযোগ না থাকায় উপজেলা হতে ইউনিয়ন পর্যন্ত অপটিক্যাল ফাইবার স্থাপনে সমস্যা দেখা দেয়। এ প্রেক্ষিতে জরুরি ভিত্তিতে আলোচ্য প্রকল্পের আওতায় দেশের ৬৪টি জেলার ২৯০টি উপজেলা অন্তর্ভুক্ত করে “ উপজেলা পর্যায়ে অপটিক্যাল ফাইবার ক্যাবল নেটওয়ার্ক উন্নয়ন” শীর্ষক প্রকল্পটি গ্রহণ করা হয়। পরবর্তিতে গত ২৭/০৩/২০১৬ তারিখে আরও ৪৯টি অন্তর্ভুক্ত করে পিইসি’র সুপারিশের ভিত্তিতে প্রকল্পটির প্রথম সংশোধন মাননীয় পরিকল্পনা মন্ত্রী অনুমোদন করেন।

৭.২. প্রকল্পের উদ্দেশ্য :

- ৭.২.১. ভিশন ২০২১ এর টেলিযোগাযোগ বিষয়ক উদ্দেশ্য সফল করে সরকারের ডিজিটাল বাংলাদেশ গড়ার লক্ষ্য অর্জন;
- ৭.২.২. উপজেলা পর্যায় পর্যন্ত অপটিক্যাল ফাইবার ক্যাবল নেটওয়ার্ক পৌঁছানো যাতে ইউনিয়ন পর্যন্ত পৌঁছাতে সুবিধা হয়;
- ৭.২.৩. ব্রডব্যান্ড এর সুবিধা, আইসিটি সেবা সারাদেশে সম্প্রসারিত করে গ্রামাঞ্চল পর্যন্ত নির্ভরযোগ্য ও সাশ্রয়ী মূল্যে আইসিটি সুবিধা পৌঁছে দেয়া; এবং
- ৭.২.৪. দারিদ্র বিমোচনে অবদান রাখা।

৮. প্রকল্পের প্রধান অঙ্গসমূহ:

- OSP WORKS (Fibre Optic cable laying)
- Optical Transmission (MSPP), IP Network and DC Power Equipment for optical Fibre Network
- DEG & Air-conditioning Work
- Earthling Installation Work

খ. পরামর্শকের কার্যপরিধি (TOR) :

৯. পরামর্শকের দায়িত্ব:

- ৯.১. প্রকল্পের পটভূমি, উদ্দেশ্য, অনুমোদন/সংশোধন, প্রকল্প ব্যয়, বাস্তবায়নকাল, ডিপিপি অনুযায়ী বছরভিত্তিক বরাদ্দ, বরাদ্দ অনুযায়ী ব্যয়সহ প্রাসংগিক সকল তথ্য পর্যবেক্ষণ ও পর্যালোচনা;
- ৯.২. প্রকল্পের অংগভিত্তিক বাস্তবায়ন অগ্রগতির বাস্তব ও আর্থিক তথ্য সংগ্রহ, সারণি/ লেখচিত্রের মাধ্যমে উপস্থাপন ও বিশ্লেষণ;
- ৯.৩. প্রকল্পের উদ্দেশ্য অর্জনের পথে অগ্রগতি পর্যবেক্ষণ ও পর্যালোচনা এবং ফলপ্রসূ করার জন্য গৃহীত কার্যাবলী প্রকল্পের উদ্দেশ্যের সাথে সামঞ্জস্যপূর্ণ কিনা তা পর্যালোচনা ও মতামত প্রদান;
- ৯.৪. প্রকল্পের আওতায় সম্পাদিত/চলমান বিভিন্ন পণ্য, কার্য ও সেবা সংগ্রহের (Procurement) ক্ষেত্রে প্রচলিত সংগ্রহ আইন ও বিধিমালা (পিপিআর, উন্নয়ন সহযোগী গাইডলাইন ইত্যাদি) প্রতিপালন করা হয়েছে/হচ্ছে কি না সে বিষয়ে পর্যালোচনা ও পর্যবেক্ষণ;
- ৯.৫. প্রকল্পের আওতায় সংগৃহীত/ সংগৃহীতব্য পণ্য, কার্য ও সেবা পরিচালনার জন্য প্রয়োজনীয় জনবলসহ আনুষঙ্গিক বিষয়াদি পর্যালোচনা ও পর্যবেক্ষণ;
- ৯.৬. প্রকল্পের বাস্তবায়ন সম্পর্কিত বিভিন্ন সমস্যা বর্ণনা যেমন: অর্থায়নে বিলম্ব, পণ্য, কার্য ও সেবা ক্রয়/সংগ্রহের ক্ষেত্রে বিলম্ব, প্রকল্প ব্যবস্থাপনার মান এবং প্রকল্পের মেয়াদ ও ব্যয় বৃদ্ধি সহ বিভিন্ন দিক বিশ্লেষণ, পর্যবেক্ষণ ও পর্যালোচনা ;
- ৯.৭. প্রকল্পের আওতায় সম্পাদিত মূল কার্যক্রমসমূহের কার্যকারিতা ও উপযোগিতা বিশ্লেষণ এবং বিশেষ সফলতা (Success Stories, যদি থাকে) বিষয়ে আলোকপাত;
- ৯.৮. উল্লিখিত প্রাপ্ত বিভিন্ন পর্যবেক্ষণের ভিত্তিতে সার্বিক পর্যালোচনা;
- ৯.৯. প্রকল্পের সবলদিক, দুর্বলদিক, সুযোগ ও ঝুঁকি (SWOT) বিশ্লেষণ এবং দুর্বলতা ও চ্যালেঞ্জ মোকাবেলায় যথোপযুক্ত সুপারিশ প্রদান;
- ৯.১০. আইসিটি সেবা সারাদেশে সম্প্রসারিত করে গ্রামাঞ্চল পর্যন্ত নির্ভরযোগ্য ও সাশ্রয়ী মূল্যে আইসিটি সুবিধা পৌঁছে দেয়ার জন্য প্রকল্পের আওতায় গৃহীত কার্যক্রমসমূহ চিহ্নিতকরণ ও তা পর্যালোচনা কিনা তা বিশ্লেষণ ও প্রয়োজনীয় সুপারিশ প্রদান ;
- ৯.১১. প্রকল্পের সম্ভাব্য exit plan সম্পর্কে পর্যালোচনা ও মতামত প্রদান;
- ৯.১২. পর্যবেক্ষণের আলোকে সুপারিশ প্রণয়ন; এবং
- ৯.১৩. ক্রয়কারী সংস্থা (আইএমইডি) কর্তৃক নির্ধারিত প্রকল্প সংশ্লিষ্ট অন্যান্য বিষয়াদি।

১০. পরামর্শক প্রতিষ্ঠান ও পরামর্শকের প্রকৃতি ও যোগ্যতাঃ

ক্রমিক নং	ফার্ম ও ফার্মের পরামর্শক	শিক্ষাগত যোগ্যতা	অভিজ্ঞতা
১)	পরামর্শক প্রতিষ্ঠান	-	<ul style="list-style-type: none"> <li>● গবেষণা এবং প্রকল্প পরিবীক্ষণ ও মূল্যায়ন সংক্রান্ত স্ট্যাডি পরিচালনায় ন্যূনতম ৩(তিন) বছরের অভিজ্ঞতা;</li> </ul>
২)	ক) টিম লিডার	টেলিকম প্রকৌশল/তড়িৎ প্রকৌশলে ন্যূনতম স্নাতক ডিগ্রী	<ul style="list-style-type: none"> <li>● টেলিকমিউনিকেশনের কাজে ন্যূনতম ১০ বছরের অভিজ্ঞতা;</li> <li>● OSP WORKS, Optical Transmission (MSPP), IP Network and DC Power Equipment ইত্যাদি বিষয়ে সাম্প্রতিক সময়ে উদ্ভাবিত প্রযুক্তিগত জ্ঞান ও কাজের অভিজ্ঞতা;</li> <li>● সরকারী টেলিকম খাতে প্রকল্প বাস্তবায়ন/মনিটরিং-এর অভিজ্ঞতা;</li> <li>● টিম লিডার হিসেবে কাজ করার অভিজ্ঞতা;</li> <li>● কম্পিউটার বিষয়ে ব্যবহারিক জ্ঞান</li> <li>● প্রতিবেদন উপস্থাপনায় বিশেষ দক্ষতা</li> </ul>
	খ) টেলিকম	টেলিকম	<ul style="list-style-type: none"> <li>● টেলিকমিউনিকেশনের কাজে ন্যূনতম ৫ বছরের অভিজ্ঞতা;</li> </ul>

ক্রমিক নং	ফর্ম ও ফার্মের পরামর্শক	শিক্ষাগত যোগ্যতা	অভিজ্ঞতা
	বিশেষজ্ঞ	প্রকৌশল/তড়িৎ প্রকৌশলে ন্যূনতম স্নাতক ডিগ্রী	<ul style="list-style-type: none"> <li>OSP WORKS, Optical Transmission (MSPP), IP Network and DC Power Equipment ইত্যাদি বিষয়ে সাম্প্রতিক সময়ে উদ্ভাবিত প্রযুক্তিগত জ্ঞান ও কাজের অভিজ্ঞতা;</li> <li>সরকারী টেলিকম খাতে প্রকল্প বাস্তবায়ন/মনিটরিং-এর অভিজ্ঞতা</li> </ul>
	গ) তড়িৎ প্রকৌশলী	টেলিকম প্রকৌশল/তড়িৎ প্রকৌশলে ন্যূনতম স্নাতক ডিগ্রী	<ul style="list-style-type: none"> <li>টেলিকমিউনিকেশনের কাজে ন্যূনতম ৫ বছরের অভিজ্ঞতা;</li> <li>OSP WORKS, Optical Transmission (MSPP), IP Network and DC Power Equipment ইত্যাদি বিষয়ে সাম্প্রতিক সময়ে উদ্ভাবিত প্রযুক্তিগত জ্ঞান ও কাজের অভিজ্ঞতা;</li> <li>সরকারী টেলিকম খাতে প্রকল্প বাস্তবায়ন/মনিটরিং-এর অভিজ্ঞতা</li> </ul>
	ঘ) ডাটা ব্যবস্থাপনা বিশেষজ্ঞ	পরিসংখ্যান বিষয়ে স্নাতকোত্তর ডিগ্রী	<ul style="list-style-type: none"> <li>ডাটা ব্যবস্থাপনায় ন্যূনতম ৩ বছরের বাস্তব কাজের অভিজ্ঞতা;</li> <li>SPSSসহ অন্যান্য Statistical Software Package পরিচালনায় দক্ষতা</li> </ul>

১১. নিম্নলিখিত প্রতিবেদনসমূহ দাখিল করতে হবে:

ক্রমিক নং	প্রতিবেদনের নাম	দাখিলের সময়	মন্তব্য
১)	ইনসেপশন রিপোর্ট	চুক্তি সম্পাদনের ১৫ দিনের মধ্যে	
২)	১ম খসড়া প্রতিবেদন	চুক্তি সম্পাদনের ৭৫ দিনের মধ্যে	
৩)	২য় খসড়া প্রতিবেদন	চুক্তি সম্পাদনের ৯০ দিনের মধ্যে	
৪)	চূড়ান্ত প্রতিবেদন (বাংলায় ৪০ কপি ও ইংরেজিতে ২০ কপি)	চুক্তি সম্পাদনের ১০০ দিনের মধ্যে	

১২. ক্লাইন্ট কর্তৃক প্রদেয়:

- ১২.১. প্রকল্প দলিল ও প্রকল্প সংশ্লিষ্ট বিভিন্ন প্রতিবেদন (যেমন: আইএমইডি ০৫ প্রতিবেদন);
- ১২.২. বিভিন্ন স্ট্যাকহোল্ডারের সাথে যোগাযোগের জন্য প্রয়োজনীয় সহযোগিতা প্রদান ইত্যাদি।